

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-০৮/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৮০.২৭.৩৬৮.১৬. ১৬২৭

তারিখ : ২৮/১২/২০১৬ খ্রি

বিষয় : কারণ দর্শনো নোটিশ প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে তিনি জনাব এ. কে. এম. নজরুল ইসলাম, চীফ ইনস্ট্রাক্টর (রেডিও এন্ড টিভি), নড়াইল টেকনিক্যাল স্কুল ও কলেজে ২৭/০৭/২০১৫ খ্রি তারিখে যোগদানের পর হতেই তিনি তাঁর কর্তব্য কর্ম ও প্রতিষ্ঠানের সার্বিক শৃঙ্খলার প্রতি চরম অবহেলা দেখিয়ে আসছেন;

- ২। আপনি প্রায় দিনই দেরি করে অফিসে আসেন যখন খুশী তখন বাসায় চলে যান আবার আসেন। এ ব্যাপারে বারবার লিখিত ও মৌখিকভাবে সতর্ক করা হলেও তিনি সংশোধন হননি;
- ৩। আপনি প্রয়োজনীয় তথ্য, যেমন: ব্যবহারিক ক্লাশের প্রয়োজনীয় মালামালের তালিকা, ছাত্র-ছাত্রীদের ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের তালিকা ইত্যাদি কখনই যথাসময়ে প্রদান করেন না বলে প্রশাসনিক বিশ্বাসে সৃষ্টি হয়;
- ৪। আপনি বারবার ফরম ও রেজিস্ট্রেশন প্রোগ্রামে ক্ষেত্রে ভুল করে থাকেন অর্থাৎ যে সকল ছাত্র-ছাত্রী শিওর ক্যাশে ফরম প্রোগ্রামে টাকা জমা দেয় তাদের মধ্যে প্রতিবারই দু এক জন শিক্ষার্থীর ফরম প্রোগ্রামে কাজ সম্পন্ন করেন না;
- ৫। আপনি প্রায়ই অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকেন;
- ৬। আপনি প্রতিষ্ঠানে কর্তব্য কাজে অবহেলার জন্য আপনাকে কোন বিষয়ে কারণ দর্শনোর নোটিশ প্রদান করলে অনেক ক্ষেত্রেই জবাব প্রদান করেন না, আর যেগুলোর জবাব প্রদান করেন সেগুলোতে কর্তৃপক্ষের প্রতি অবহেলা স্পষ্ট হয়ে ফুটে ওঠে;

আপনার এহেন কার্যকলাপ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আগীল) বিধিমালা, ১৯৮৫ এর পরিপন্থি যা কর্তব্য কাজে অসদাচরনের সামিল।

এমতাবস্থায়, কেন আপনার বিষয়ে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আগীল) বিধিমালা, ১৯৮৫ এর দন্ত বিধি ৩ এর (বি) বিধি মোতাবেক অসদাচরন (Misconduct) এর দায়ে অভিযুক্ত করা হবে না তা এ বিধিমালার ৭(বি) ধারা মোতাবেক পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিত ভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো।

প্রাপক : জনাব এ. কে. এম. নজরুল ইসলাম  
চীফ ইনস্ট্রাক্টর (রেডিও এন্ড টিভি)  
নড়াইল টেকনিক্যাল স্কুল ও কলেজ  
নড়াইল।

অনুলিপি :

- ০১। অধিক্ষ, নড়াইল টেকনিক্যাল স্কুল ও কলেজ।
- ০২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৮-১২-২০১৬  
( মোঃ মিজানুর রহমান )  
যুগ্ম সচিব  
পরিচালক (ভোকেশনাল)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।  
*মোঃ মিজানুর রহমান*